

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাণিসম্পদ অধিদপ্তর  
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।  
www.dls.gov.bd

স্মারক নম্বরঃ ৩৩.০১.০০০০.১১০.০৯৯.০০৬.১৬-১৫১৬


তারিখঃ ২৭/০৯/২০২৩খ্রি.

**বিষয়ঃ প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন পিপিআর রোগ নির্মূল এবং ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্প (১ম সংশোধিত) এর আওতায় দেশব্যাপী পিপিআর টিকা প্রদান কার্যক্রমের বাস্তবায়ন প্রসংক্ষে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন পিপিআর রোগ নির্মূল এবং ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্প (১ম সংশোধিত) এর আওতায় দেশব্যাপী পিপিআর রোগ নির্মূলের লক্ষ্যে সকল ছাগল ও ভেড়ার পিপিআর টিকা প্রদান কার্যক্রম পিরোজপুর জেলার সদর উপজেলায় আগামী ৩০/০৯/২০২৩ খ্রি. তারিখ থেকে শুরু হবে। মাননীয় মন্ত্রী জনাব শ ম রেজাউল করিম এমপি, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে টিকা প্রদান কার্যক্রমের উদ্বোধন করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। উক্ত কার্যক্রমটি ৩০/০৯/২০২৩ খ্রি. হতে ০৯/১০/২০২৩ খ্রি. পর্যন্ত সারাদেশে একযোগে বাস্তবায়িত হবে। সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রতিটি উপজেলায় জনপ্রতিনিধি এবং স্থানীয় প্রশাসনকে সম্পৃক্ত করে ব্যাপক প্রচার পূর্বক উদ্বোধন অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে টিকা প্রদান কার্যক্রম সফল করবেন। কার্যক্রমটি সুচারুরূপে সম্পাদনের জন্য একটি কর্মপরিকল্পনা তৈরি করা হয়েছে (কপি সংযুক্ত)। এই লক্ষ্যে অধিদপ্তর কর্তৃক গঠিত একটি মনিটরিং টিম সকল কার্যক্রম পর্যবেক্ষণ এবং সমন্বয় করবেন।

অতএব, উক্ত টিকা প্রদান কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো

সংযুক্তি: বর্ণনামতে।

  
(ডা. মোঃ এমদাদুল হক তালুকদার)  
মহাপরিচালক (চলতি দায়িত্ব)  
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

প্রকল্প পরিচালক  
পিপিআর রোগ নির্মূল এবং ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্প  
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

  
২৭/৯/২০২৩

**জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। পরিচালক, প্রশাসন শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর;
- ২। পরিচালক, হিসাব, বাজেট ও নিরীক্ষা শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর;
- ৩। পরিচালক, উৎপাদন শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর;
- ৪। পরিচালক, পরিকল্পনা শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর;
- ৫। পরিচালক, সম্প্রসারণ শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর;

- ৬। পরিচালক, গবেষণা, প্রশিক্ষণ ও মূল্যায়ন এলআরআই, মহাখালী, ঢাকা;
- ৭। পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর;
- ৮। পরিচালক, কেন্দ্রীয় ভেটেরিনারি হাসপাতাল, ৪৮, কাজী আলাউদ্দীন রোড, ঢাকা;
- ৯। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর (সংশ্লিষ্ট সকল);
- ১০। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল);
- ১১। অফিসার ইনচার্জ, আইসিটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর;
- ১২। উপপরিচালক, কৃত্রিম প্রজনন (সংশ্লিষ্ট সকল);
- ১৩। ভেটেরিনারি অফিসার, (সংশ্লিষ্ট সকল);
- ১৪। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল);
- ১৫। ভেটেরিনারি সার্জন, (সংশ্লিষ্ট সকল);
- ১৬। ভেটেরিনারি সার্জন, মেট্রো প্রাণিসম্পদ দপ্তর (সংশ্লিষ্ট সকল);
- ১৭। ডা./জনাব, ..... এবং
- ১৮। অফিস কপি।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

- ১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (ইহা মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব (ইহা সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।